

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

‘ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট’ শুরু

অনলাইন ডেস্ক

২৬ এপ্রিল ২০১৯ ২১:৪৩ | আপডেট: ২৬ এপ্রিল ২০১৯ ২১:৪৩



ব্র্যাক ইউনিভার্সিটির উদ্যোগে শুরু হয়েছে ‘ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট (আইসিবিএম)-২০১৯’। গতকাল বৃহস্পতিবার রাজধানীর একটি হোটেলে শুরু হয়েছে শিক্ষার্থী-গ্র্যাজুয়েট ও গবেষকদের এই মিলনমেলা। দ্বিতীয়বারের মতো তিন দিনব্যাপী এই আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করছে ব্র্যাক বিজনেস স্কুল।

আজ শুক্রবার প্রধান অতিথি হিসেবে এই সম্মেলনের উদ্বোধন করেন ব্র্যাক ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ভিনসেন্ট চ্যাং। ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর মোহাম্মদ মাহবুব রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসিআই গ্রুপের চেয়ারম্যান এম আনিস উদ দৌলা ও প্রোগ্রাম চেয়ার মামুন হাবিব।

প্রধান অতিথির বক্তব্যে ব্র্যাক ইউনিভার্সিটির উপাচার্য ভিনসেন্ট চ্যাং বলেন, ‘অর্থনৈতিকভাবে বাংলাদেশ এখন শক্তিশালী দেশগুলোর কাতারে। ব্যবসা-বানিজ্য দারুণভাবে বিকশিত হচ্ছে। নতুন ও উদ্ভাবনী ধারণা তৈরির জায়গা হিসেবে এই ধরনের কনফারেন্সে দেশি-বিদেশি গবেষক-শিক্ষার্থীদের মিলনমেলায় পরিণত হয়েছে।’

দিনের প্রথম সেশনের মূল প্রবন্ধ উপস্থাপন করেন তাইওয়ানের ন্যাশনাল চুং সিং ইউনিভার্সিটির প্রফেসর ড. জং রু লি। নিউ ইন্টারনেট মার্কেটিং স্ট্রাটেজি, ব্লকচেইন ম্যানেজমেন্টের ওপর প্রবন্ধ উপস্থাপন করেন তিনি। এরপর ‘রাইজ অফ দ্যা ইন্ডাস্ট্রি ৪.০’ শীর্ষক গবেষণাপত্র উপস্থাপন করেন এসিআই গ্রুপের চেয়ারম্যান এম আনিস উদ দৌলা। তিনি বলেন, ‘বর্তমান সময়ে আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্সের অভূতপূর্ব উন্নতি হয়েছে। বিশ্ব ডিজিটলাইজেশনের দিকে এগুলাও ডিজিটাল বিশ্বের দিকে বাংলাদেশের যাত্রাটা সেভাবে গতিশীল হয়নি। ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে যতো দ্রুত সম্ভব আমাদের নতুন এই বিষয়গুলোর সঙ্গে পরিচিত হতে হবে।’

বিকেলে ‘ইন্ডাস্ট্রি টক’ শীর্ষক অনুষ্ঠানে বক্তব্য রাখেন আবদুল মোনেম লিমিটেডের ডেপুটি ডিরেক্টর মাইনুদ্দিন মোনেম ও ব্র্যাক ব্যাংক লিমিটেড এর ম্যানেজিং ডিরেক্টর ও সিইও সেলিম আর এফ হোসাইন। বাংলাদেশ ব্যাংকিং খাত নিয়ে বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ও ব্র্যাক বিজনেস স্কুলের প্রফেসর ড. সালেহ উদ্দিন আহমেদ।

আগামীকাল শনিবার কনফারেন্সের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ।

কনফারেন্সের ২৮টি প্যারালেল সেশনে ১৭০টি প্রবন্ধ উপস্থাপিত হবে যেখানে দেশ বিদেশের ২৫০ জন শিক্ষক-গবেষক অংশগ্রহণ করছেন। শনিবার ‘ইন্ডাস্ট্রি টক’ এর আয়োজন করা হয়েছে যেখানে দেশের বিভিন্ন প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠান এর শীর্ষ ব্যক্তিবর্গ বক্তব্য দেবেন।

আন্তর্জাতিক এই কনফারেন্সটির স্পন্সর হিসেবে রয়েছে এসিআই লিমিটেড, ব্র্যাক ব্যাংক, আবদুল মোনেম লিমিটেড, আইপিডিসি ফিনান্স লিমিটেড, রানার মটরস লিমিটেড, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক, বিকাশ ও এএইচ খান অ্যান্ড কোং।